

এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

কুমিল্লা বোর্ড

বিষয় : বাংলা ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০২

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।]

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের প্রমিত উচ্চারণ লেখ :  
গঞ্জনা, লক্ষণ, আহ্বান, ওজস্বী, অশিক্ষিত, উদ্যোগ, অধ্যক্ষ, মন্তব্য।

২। (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ :  
শান্তনা, লজ্জাস্কর, আকাংখা, বুদ্ধিজীবী, পুরস্কার, পৈত্রিক, স্নেহাশীষ, সমিচিন।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নলিখিত অনুচ্ছেদে রেখাঙ্কিত যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

(i) তুমি যে আমার কবিতা।

(ii) আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর।

(iii) করিম ও রহিম দুই ভাই।

(iv) ভালো আমটি খাও।

(v) বাঃ! চমৎকার একটা গল্প লিখেছ।

(vi) যথা ধর্ম তথা জয় ।

(vii) শুভ্র সমুজ্জ্বল এ তাজমহল ।

(viii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

৪। (ক) “উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে”—  
আলোচনা কর । ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ । (যেকোনো পাঁচটি) :  
কাজলকালো, পথেঘাটে, অনাশ্রিত, উর্গনাভ, অপরাহ্ন,  
বজ্রকঠোর, রাষ্ট্রপতি, ভবনদী ।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ কর । ৫

অথবা, (খ) বাক্যান্তর কর (যেকোনো পাঁচটি) :

(i) ধনীর কন্যা তার পছন্দ নয় । (অস্তিবাচক)

(ii) এখানে আসতেই হলো । (নেতিবাচক)

(iii) যদিও সে দরিদ্র তথাপি সে চরিত্রবান । (যৌগিক)

(iv) ধনীরা প্রায়ই কৃপণ হয় । (জটিল)

(v) এতে দোষ নেই । (প্রশ্নবাচক)

(vi) এটি ভারি লজ্জার কথা । (বিস্ময়বাচক)

(vii) দেশের সেবা করা কর্তব্য । (অনুজ্ঞাবাচক)

(viii) তোমার দীর্ঘ জীবন কামনা করছি । (প্রার্থনাসূচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ : ৫

(i) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র ।

(ii) প্রতিযোগিতায় অংশগ্রহণ করাই বড় কথা ।

(iii) সারা জীবন ভুতের মজুরি খেটে মরলাম ।

(iv) মাদকাশক্তি ভালো নয় ।

(v) নিরোগী লোক আসলে সুখী ।



(vi) কীর্তিবাস বাংলা রামায়ন লিখেছেন ।

(vii) শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না ।

(viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয় ।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ:

কিছুক্ষণ পর মিজান বলল, এটি লজ্জাকর ব্যাপার; আমরা থাকতে মেয়েরা গাছে উল্লঙ্ঘন করবে এটি সঠিক নয় । এই বলে মিজান একটি বৃক্ষ বেয়ে ওপরে উঠল । অন্যরা তা দেখে গৌরবান্বিত বোধ করলো ।

৭। (ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Annexation, Edition, Blue-print, Catalogue, Brand, Deputation, Fine-Arts, Pass-word, Attestation, Concession, Surety, Myth, Subsidy, Publicity, White-paper.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :

Walking is the best suited to all kinds of health. Both the young and the old can walk and help their bodies make active as long as they live. On the other hand, gymnastic exercises are best suited to young people only. However, today most doctors advise some patients, suffering from particular diseases, for jogging.

৮। (ক) একটি গ্রাম্যমেলা দেখার অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর । ১০

অথবা, (খ) 'সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন' শীর্ষক সেমিনারে উপস্থাপনের জন্য একটি ভাষণ প্রস্তুত কর ।

৯। (ক) 'বিশ্ব ভালোবাসা দিবস' উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়ে প্রবাসী বন্ধুকে ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে,  
মাথা উঁচু রাখিস।

সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,  
ধৈর্য ধরে থাকিস।

রুদ্র রূপে তীব্র দুঃখ যদি আসে নেমে  
বুক ফুলিয়ে দাঁড়াস।

আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে  
উর্ধ্ব দু'হাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

গতিই জীবন, স্থিতিতে মৃত্যু।

১১। (ক) বইমেলা সম্পর্কে দুই বন্ধুর মধ্যকার সংলাপ উপস্থাপন কর। ১০

অথবা, (খ) 'রক্তঝরা ফাগুন' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। নিচের যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মাদকাসক্তি ও যুব সমাজ;

(খ) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;

(গ) এক মুক্তিযোদ্ধার আত্মকাহিনী;

(ঘ) পরিবেশ দূষণ ও বাংলাদেশ;

(ঙ) দুর্নীতি : কারণ ও প্রতিকার।